**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/22/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নর্থ কান্ট্রিতে 79.7 মেগাওয়াটের রোরিং ব্রুক উইন্ড ফার্মকে সক্রিয় ঘোষণা করলেন

***সবথেকে নতুন সক্রিয় বৃহৎ আকারের বায়ু প্রকল্পটি নিউ ইয়র্কের স্থাপিত ভূমি-ভিত্তিক বায়ু ক্ষমতাকে প্রায় 2,200 মেগাওয়াটে বৃদ্ধি করে, যা অর্ধ মিলিয়নের বেশি গৃহস্থালির জন্য পর্যাপ্ত পরিচ্ছন্ন শক্তি***

***167 মিলিয়ন মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগ এনেছে এবং 200-র বেশি নির্মাণ কর্মসংস্থান সৃষ্টি করে স্টেটের সবুজ অর্থনীতি বিকাশে সাহায্য করেছে***

***নিঃসরণমুক্ত গ্রিডের পথে 2030 সালের মধ্যে স্টেটের 70 শতাংশ বিদ্যুৎ নবায়নযোগ্য উৎস থেকে পাওয়ার নিউ ইয়র্কের লক্ষ্যের দিকে অগ্রগতি ত্বরান্বিত করে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে 79.7 মেগাওয়াটের রোরিং ব্রুক উইন্ড ফার্ম (Roaring Brook Wind Farm) এখন নর্থ কান্ট্রিতে সক্রিয় আছে, এটি নিউ ইয়র্কে বাণিজ্যিকভাবে কার্যকর হওয়া সর্বশেষ বৃহৎ আকারের বায়ু ফ্যাসিলিটি, এবং এটি স্টেটের স্থাপিত ভূমি-ভিত্তিক বায়ু ক্ষমতাকে প্রায় 2,200 মেগাওয়াটে বৃদ্ধি করে, যা অর্ধ মিলিয়নের বেশি গৃহস্থালির জন্য পর্যাপ্ত পরিচ্ছন্ন শক্তি। রোরিং ব্রুক উইন্ড ফার্ম প্রায় 167 মিলিয়ন মার্কিন ডলার বেসরকারি বিনিয়োগ এনেছে এবং 200-র বেশি নির্মাণ কর্মসংস্থান সৃষ্টি করে স্টেটের সবুজ অর্থনীতি বিকাশে সাহায্য করেছে। নির্মাণাধীন কয়েক ডজন বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তি প্রকল্পের সাথে এবং স্টেটের বিতরণকৃত সৌর প্রকল্পসমূহের বলিষ্ঠ পাইপলাইনের মিলিত হয়ে, প্রকল্পটি নিঃসরণমুক্ত গ্রিডের পথে 2030 সালের মধ্যে স্টেটের 70 শতাংশ বিদ্যুৎ নবায়নযোগ্য উৎস থেকে পাওয়ার নিউ ইয়র্কের লক্ষ্যের দিকে অগ্রগতি ত্বরান্বিত করে।

"নবায়নযোগ্য শক্তি নিউ ইয়র্কের অর্থনীতি পুনর্গঠনে এবং জলবায়ু পরিবর্তনের অতি বাস্তব ঝুঁকির বিরুদ্ধে লড়াই উভয় ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে," **গভর্নর হোকল বলেন।** "রোরিং ব্রুক উইন্ডের মতো বৃহৎ আকারের বায়ু শক্তি প্রকল্প শুধু নিঃসরণমুক্ত ভবিষ্যতের দিকে আমাদের এক ধাপ অগ্রসরই করে না, বরং স্টেটে এমন একটা সময় অতি জরুরি বিনিয়োগ, ভালো বেতনের চাকরি ও সম্প্রদায়ের জন্য লাভ নিয়ে আসে যখন নিউ ইয়র্কবাসীরা মহামারী সৃষ্ট আর্থিক কাঠিন্য থেকে পুনরুদ্ধার লাভের চেষ্টা করছে।"

মার্টিন্সবার্গ টাউনে অবস্থিত রোরিং ব্রুক উইন্ড নির্মাণ করেছে অ্যাভানগ্রিড রিনিউয়েবলস (Avangrid Renewables) এবং এটি গঠিত হয়েছে আনুমানিক 4,700 একর জুড়ে 20টি উইন্ড টার্বাইন নিয়ে। 2021 সালের অক্টোবর মাসে সক্রিয় হওয়ার পর, প্রকল্পটি বার্ষিক 229,000 মেগাওয়াট-ঘণ্টা নবায়নযোগ্য শক্তি উৎপাদন করবে, যা 31,000 গৃহস্থালির বিদ্যুৎ সরবরাহের জন্য যথেষ্ট, এবং বার্ষিক 114,000 মেট্রিক টন নিঃসরণ হ্রাস করবে, যা হলো রাস্তা থেকে প্রায় 25,000 গাড়ি সরিয়ে ফেলার সমতুল্য।

**নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন,** "রোরিং ব্রুক উইন্ড হলো আমাদের পরিচ্ছন্ন শক্তি অর্থনীতি বিকাশে নিউ ইয়র্কের অঙ্গীকারের আরেকটি উদাহরণ এবং এটি এমন একটি নর্থ কান্ট্রির বায়ু প্রকল্প যা হাজার হাজার আপস্টেট বাসিন্দা ও ব্যবসাকে পরিচ্ছন্ন, নবায়নযোগ্য শক্তি প্রদান করছে। গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে, স্টেট আমাদের সকল বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তি প্রকল্পের নির্মাণের পুরো প্রক্রিয়ায় স্থানীয় সরকারসমূহ ও সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের সাথে কাজ করার ব্যাপারে তাদের প্রতিশ্রুতিতে অবিচল আছে, এটি নিশ্চিত করার জন্য যে তারা যাতে এমন উপায়ে অগ্রসর হয় যা সম্প্রদায়ের লক্ষ্যকে সমর্থন করে, অর্থনৈতিক লাভ নিয়ে আসে, এবং বন্যপ্রাণী ও পরিবেশের উপর উল্লেখযোগ্য প্রভাব এড়াতে পারে।"

**অ্যাভানগ্রিড রিনিউয়েবলসের অনশোর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা হোসে অ্যান্টনিও মিরান্ডা বলেন,** "অ্যাভানগ্রিড এবং অ্যাভানগ্রিড রিনিউয়েবলস নিউ ইয়র্ক স্টেটের সাথে 2030 সালের মধ্যে এর বিদ্যুতের 70 শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে পাওয়ার প্রচেষ্টায় তাদের অংশীদার হতে পেরে গর্বিত। আমাদের প্রাকৃতিক সংস্থানের শক্তিকে কাজে লাগিয়ে আমাদের চালু করা প্রতিটি উইন্ড টার্বাইন এবং সৌর প্যানেল এই স্টেট এবং আমাদের দেশকে একটি পরিচ্ছন্ন, টেকসই শক্তির ভবিষ্যতের আরো কাছে নিয়ে যায়।"

নবায়নযোগ্য শক্তির ক্ষেত্রে নিউ ইয়র্কের অগ্রগতির ফলে পুরো স্টেটে 30টির বেশি কাউন্টিতে স্থানীয় সম্প্রদায়সমূহের জন্য উল্লেখযোগ্য বেসরকারি বিনিয়োগ এবং নতুন কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক বিকাশ হয়েছে। প্রকল্পটির জন্য লুইস কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সির সাথে করের নিমিত্তে পরিশোধিত অর্থের (payment in lieu of taxes, PILOT) চুক্তির মাধ্যমে, অ্যাভানগ্রিড রিনিউয়েবলস বার্ষিক 600,000 মার্কিন ডলারের বেশি প্রদান করবে, যা 30 বছরে 1 মিলিয়ন মার্কিন ডলারের বেশিতে বৃদ্ধি পাবে, যা মার্টিন্সবার্গ টাউন (30 শতাংশ), লোভিল একাডেমি এবং সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট (37 শতাংশ), ও লুইস কাউন্টির (33 শতাংশ) মধ্যে ভাগ হবে। এছাড়াও প্রকল্পটি আগামী 30 বছরে 35 জন জমির মালিককে সর্বমোট আনুমানিক 22 মিলিয়ন মার্কিন ডলার অর্থ প্রদান করবে। রোরিং ব্রুক উইন্ড হলো অঞ্চলের ছোট শহর ও গ্রামীণ সম্প্রদায়ে অর্থনৈতিক প্রবৃদ্ধি উৎসাহিত ও সমর্থন করতে নর্থ কান্ট্রি আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (North Country Regional Economic Development Council) প্রচেষ্টার সম্পূরক।

NYSERDA নবায়নযোগ্য শক্তি প্রকল্পের জন্য দায়িত্বশীল সাইট বাছাইকে দৃঢ়ভাবে উৎসাহিত ও সমর্থন করে যাতে করে বন্যপ্রাণী ও বন্যপ্রাণীর বাসস্থানের প্রতি প্রভাব এড়ানো, সর্বনিম্ন করা, এবং প্রশমন করা যায়। 2020-র গ্রীষ্মে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) পরামর্শে, অ্যাভানগ্রিড এসেক্স কাউন্টির বার্টন হিল মাইনের (Barton Hill Mine) একটি বিশাল প্রবেশপথ জুড়ে একটি বিশেষ ধাতব গুহার গেট স্থাপন করে, বাদুড়ের বাসস্থানে বায়ু প্রকল্পের সম্ভাব্য প্রভাব প্রশমন করার জন্য। গুহার গেটটি, যা মানুষের হস্তক্ষেপ প্রতিহত করে এবং পরিত্যক্ত খনির শ্যাফ্টে বাদুড়দের জন্য পর্যাপ্ত স্থান ও যাতায়াতের সুযোগ প্রদান করে, একাধিক প্রজাতির বাদুড়কে রক্ষা করবে যার মধ্যে রয়েছে ফেডারেলভাবে বিলুপ্তপ্রায় ইন্ডিয়ানা বাদুড়, ফেডারেল ও নিউ ইয়র্ক স্টেটে ঝুঁকিগ্রস্ত নর্দার্ন লম্বা-কানের বাদুড়, এবং একই সাথে লিটল ব্রাউন, বিগ ব্রাউন এবং ইস্টার্ন পিপিস্ট্রেল বাদুড় যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে ঝুঁকিগ্রস্ত ও বিলুপ্তপ্রায় বাদুড় প্রজাতিকে রক্ষা করতে DEC-র মিশনকে সমর্থন করে।

2019 সালের জুলাই মাসে, মার্কিন ডিপার্টমেন্ট অফ ডিফেন্স (U.S. Department of Defense), এবং ফোর্ট ড্রাম (Fort Drum) একটি চুক্তি স্থাপন করে যা সংকটময় আবহাওয়ার ঘটনায় প্রকল্পটির আবহাওয়ার রাডার সিস্টেমে যেকোনো ক্ষতিকর প্রভাব সীমাবদ্ধ করবে যাতে করে ফোর্ট ড্রামের জাতীয় নিরাপত্তা মিশনকে সমর্থন করা যায়।

রোরিং ব্রুক উইন্ড ছিলো NYSERDA-র 2018 নবায়নযোগ্য শক্তি স্ট্যান্ডার্ড সলিসিটেশনের (2018 Renewable Energy Standard Solicitation) অংশ হিসেবে অর্থপ্রাপ্ত 19 প্রকল্পের একটি এবং এটি সংযুক্ত হয় নিউ ইয়র্কের বৃহৎ আকারের নবায়নযোগ্য শক্তি প্রকল্পের বলিষ্ঠ পাইপলাইনে যেগুলি সক্রিয় হতে যাচ্ছে, যা গঠিত হয় নির্মাণাধীন 100-র বেশি সৌর, ভূমি-ভিত্তিক বায়ু এবং উপকূলীয় বায়ু প্রকল্প নিয়ে যেগুলির কাজ শেষ হয়ে গেলে গ্রিডে 12,000 মেগাওয়াটের বেশি পরিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহ করবে, যা প্রায় পাঁচ মিলিয়ন নিউ ইয়র্ক গৃহস্থালির জন্য যথেষ্ট ক্ষমতা। নতুন সবুজ শক্তি ট্রান্সমিশন গঠনে স্টেটের প্রতিশ্রুতির ফলে, যার নেতৃত্ব দিচ্ছে পুরো স্টেটে ইতিমধ্যে হতে থাকা 250 মাইল নতুন মুখ্য আপগ্রেড এবং সম্প্রতি ঘোষিত ক্লিন পাথ নিউ ইয়র্ক (Clean Path New York) এবং চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস (Champlain Hudson Power Express) সবুজ শক্তি অবকাঠামো প্রকল্পসমূহ, নবায়নযোগ্য শক্তির বর্তমান পাইপলাইন সক্রিয় হলে নিউ ইয়র্কের 60 শতাংশ বিদ্যুতের নবায়নযোগ্য উৎস হয়ে উঠবে।

**অ্যাসেম্বলির এনার্জি প্রধান মাইকেল কিউসিক বলেন,** "রোরিং ব্রুক উইন্ড ফার্মটি, যা এখন সক্রিয়, আমাদেরকে আমাদের স্টেটের নবায়নযোগ্য শক্তি লক্ষ্য অর্জনের দিকে আরেক ধাপ এগিয়ে নিয়ে যায়। প্রকল্পটি হলো আমাদের বায়ু ক্ষমতা অবকাঠামো নির্মাণের সুবিধার একটি নিখুঁত উদাহরণ। প্রকল্পটি কয়েকশ কর্মসংস্থান সৃষ্টি করেছে, আমাদের স্টেটের অর্থনৈতিক পুনরুদ্ধারে সহায়তা করেছে, এবং এখন অর্ধ মিলিয়নের বেশি গৃহস্থালিতে পরিচ্ছন্ন শক্তি সরবরাহ করবে। রোরিং ব্রুক উইন্ড ফার্ম ভবিষ্যতের শক্তি গ্রিড নির্মাণকাজে আমরা যে অগ্রগতি করছি তা নিখুঁতভাবে প্রদর্শন করে।"

**সিনেটর জোসেফ গ্রিফো বলেন,** "আমি সবসময় একটি বৈচিত্র্যময় শক্তি পোর্টফোলিওতে বিশ্বাস করেছি যেখানে হাইড্রোইলেকট্রিক, বায়ু, সৌর, এবং পারমানবিকের মতো নিঃসরণমুক্ত

ফ্যাসিলিটির মতো নবায়নযোগ্য শক্তির উৎস থাকবে এবং এখনো তাই বিশ্বাস করি। প্রকল্পটি পরিচ্ছন্ন শক্তি উৎপাদন করবে যা হাজার হাজার গৃহস্থালিকে বিদ্যুৎ প্রদান করবে, নিঃসরণ আরো কমাবে এবং অঞ্চলের অর্থনৈতিক বিকাশ সমর্থন করবে।"

**লুইস কাউন্টি চেয়ারম্যান ল্যারি ডলহর্ফ বলেন,** "লুইস কাউন্টি অনেক দিন আগেই বুঝেছে যে পরিচ্ছন্ন শক্তি প্রকল্প আমাদের সম্প্রদায় ও নির্মাণকারী উভয়ের জন্য লাভজনক হতে পারে। আমরা লুইস কাউন্টিতে আরেকটি প্রকল্প শেষ করার জন্য অ্যাভানগ্রিডকে অভিনন্দন জানাচ্ছি। আমরা বায়ু শক্তি উৎপাদনে স্টেটে শীর্ষ অবস্থান ধরে রেখেছি।"

**অ্যালায়েন্স ফর ক্লিন এনার্জি নিউ ইয়র্কের (Alliance for Clean Energy New York) নির্বাহী পরিচালক অ্যান রেনল্ডস বলেন,** "আমরা এই প্রকল্পকে বাস্তবায়ন করতে নির্মাণ দলের যে হাজার হাজার ঘণ্টা কাজ করতে হয়েছে তার কদর করি। নতুন রোরিং ব্রুক বায়ু ক্ষমতার প্রকল্পটি নিউ ইয়র্কের জন্য দারুণ সংবাদ, যার প্রমাণ হলো গত সপ্তাহের রেকর্ড-ভাঙ্গা বায়ু ক্ষমতা উৎপাদন।আমরা একটি পরিচ্ছন্ন ও আধুনিক গ্রিডের দিকে আরেক ধাপ অগ্রসর হলাম, যা নিউ ইয়র্কের প্রয়োজন।"

**টাগ হিল কমিশনের (Tug Hill Commission) নির্বাহী পরিচালক ক্যাটি মালিনোস্কি বলেন,** "রোরিং ব্রুক প্রকল্প সংযুক্ত হওয়ার ফলে, টাগ হিল উইন্ড ফার্মগুলি এখন বা শীঘ্রই প্রায় 600 মেগাওয়াট বায়ু-সৃষ্ট পরিচ্ছন্ন বিদ্যুৎ উৎপাদনের জন্য নামফলক লাভ করবে। টাগ হিল কমিশন অঞ্চলের টাউন ও গ্রামগুলিকে এবং নবায়নযোগ্য শক্তি নির্দেশনায় তাদের সক্ষমতাকে সমর্থন করে উপযুক্ত সাইট প্রদান করে এবং স্থানীয় জোনিং ও আইন আবশ্যকতা মেনে এমন একটি উপায়ে যা নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যের সাথে মিলে যায়।"

**নিউ ইয়র্ক লীগ অফ কনজার্ভেটিভ ভোটার্সের (New York League of Conservation Voters, NYLCV) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন,** "নিউ ইয়র্ককে নিঃসরণ হ্রাসে সাহসী পদক্ষেপ নিতে হবে, এবং এই নতুন বায়ু ফ্যাসিলিটিটি 500,000-র বেশি গৃহস্থালিতে পরিচ্ছন্ন শক্তি প্রদান করবে এবং ভালো বেতনের সবুজ কর্মসংস্থান সৃষ্টি করবে। নিউ ইয়র্ক শুধু কথাই বলছে না বরং জীবাশ্ম জ্বালানির প্রতি আমাদের নির্ভরতা হ্রাস করার কাজও করছে। NYLCV এটি দেখে আনন্দিত যে নর্থ কান্ট্রিতে অ্যাভানগ্রিডের প্রায় 80 মেগাওয়াট উইন্ড ফার্মের মতো পরিচ্ছন্ন শক্তি প্রকল্প আমাদেরকে 2030-র মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি ও 2040 সালের মধ্যে নিঃসরণ-মুক্ত গ্রিড অর্জনের কাজে সাহায্য করছে।"

**নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)**

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন

বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 102টি বিশাল মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 33 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418